গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
(স্থানীয় সরকার শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০০৯.১৫.০০২ (অংশ-১).২৩- ৬২৯

তারিখ : ০১ ভাদ্র ১৪৩০ / ১৬ আগস্ট ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৬ জুন ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৯৯.১১.০০২.২২.১৫৭ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর এর দপ্তরের নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদন ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	অফিস সহায়ক	১ (এক) টি	৮,২৫০-২০,০১০/- (২০ নং গ্রেড)	স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত চাকরির আবেদন ফরমটি দিনাজপুর জেলার ওয়েবসাইটে (www.dinajpur.gov.bd) পাওয়া যাবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

০৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) আবেদন পত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫ সে:মি: X ৫ সে:মি: আকারের ছবি।

(খ) প্রার্থীকে ১-৩৭০১-০০০১-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার ডাক টিকিট লাগানো একটি ১০.৫" X ৪.৫" সাইজের ফেরৎ খাম।

০৭। প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে :

(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রার্থীকে তার পিতা/মাতা/দাদা-দাদি/নানা-নানীর মুক্তিযোদ্ধা প্রমানের জন্য মুক্তিযোদ্ধা সনদপত্রের অনুলিপি ও ভারতীয় তালিকা/মুক্তিবার্তা/গেজেটের সংশ্লিষ্টাংশের ফটোকপি এবং মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়ের সর্বশেষ নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র/উপযুক্ত সনদসহ পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের কপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সরকারের নির্ধারিত শর্ত অনুসরণ করা হবে।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্তভাবে নির্বাচিত হলে তাকে অস্থায়ী নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যার্পণ করতে বাধ্য থাকবেন মর্মে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানের সময় ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিকের মাধ্যমে অঙ্গীকারনামা দাখিল করবেন।

(ছ) শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) প্রার্থীর বয়সসীমা আগামী ০৫-০৯-২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পোষ্য এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৮। দরখাস্ত জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নিয়োগ কমিটি, দিনাজপুরকে সম্বোধন করে লিখতে হবে।

০৯। আগামী ০৫-০৯-২০২৩ তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে এ অফিসে পৌছাতে হবে। সরাসরি এ অফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

১১। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১২। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে।

১৩। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৪। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, বাতিল ও পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭/০৮/২৩
(শাকিল আহমেদ)
জেলা প্রশাসক
দিনাজপুর
☎ ০৫৩১-৬৫০০১
dcdinajpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০০৯.১৫.০০২ (অংশ-১).২৩- ৬২১(২০০)

তারিখ : ০১ ভাদ্র ১৪৩০ / ১৬ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০৪। জেলা প্রশাসক, ... (সকল)।

০৫। পুলিশ সুপার, দিনাজপুর।

০৬। সিভিল সার্জন, দিনাজপুর।

০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর।

০৮। .... কর্মকর্তা, দিনাজপুর।

০৯। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল) দিনাজপুর।

১০। মেয়র,... (সকল) পৌরসভা, দিনাজপুর।

১১। সিনিয়র সহকারী সচিব (বিজ্ঞাপন) ভবন নং-৪, কক্ষ নং-৮০৬, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। সিনিয়র জেলা তথ্য অফিসার, দিনাজপুর।

১৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। নিয়োগ বিজ্ঞপ্তি ও চাকরির আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৪। সম্পাদক, দৈনিক জনকণ্ঠ, ঢাকা/সম্পাদক, দৈনিক পত্রালাপ, দিনাজপুর। উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৭/০৮/২০২৩ খ্রি. তারিখে সংক্ষিপ্ত আকারে ৪ কলামে ১৫ ইঞ্চি সাইজে ০১ (এক) বার পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ)টি কপি জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুরের স্থানীয় সরকার শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৭/০৮/২৩
(শাকিল আহমেদ)
জেলা প্রশাসক
দিনাজপুর